

অন্য দুর্গা

- সপ্তদীপা দেবনাথ

এক দুর্গার আরাধনায়
মর্ত্যবাসি মাতে,
অন্য দুর্গার অশ্রু ঝরে
অত্যাচারের আঘাতে ।
এক দুর্গার আগমনে
সকলে উদ্ভাসিত,
অন্য দুর্গার জন্ম হলে
পরিবার হয় দুঃখিত ।
এক দুর্গার দশ হাতে
অসুর বধের অস্ত্র,
মানুষরূপী অসুর কাড়ে
অন্য দুর্গার বস্ত্র ।
এক দুর্গার মন্দিরেতে
পুরুষ করে পূজা,
অন্য দুর্গা শুধুই সহে
লাঞ্ছনার বোঝা ।
এক দুর্গা পূজিত হয়
জগৎ সংসারে,
অন্য দুর্গার ঠাই হয়
বৃদ্ধাশ্রমের দ্বারে ।

